

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০২০.২০(অংশ-১) -৭৩৮

তারিখঃ ৪ মাঘ ১৪২৮  
১৮ জানুয়ারি ২০২২

### পরিপত্র

বিষয়: মোবাইল কোর্ট আইন-২০০৯ এর আওতায় আদায়কৃত অর্থদন্ড এবং অন্যান্য অর্থ 'এ-চালান' পদ্ধতিতে নির্দিষ্ট অর্থনৈতিক কোডে জমাকরণ।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার অধীনে পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে আদায়কৃত অর্থদন্ড/জরিমানার অর্থ যথাযথভাবে সরকারি কোষাগারে জমা দেওয়া হচ্ছে না কিংবা বিলম্বে জমা দেওয়া হচ্ছে, যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। আদালত কর্তৃক অর্থদন্ড/জরিমানা বাবদ আদায়কৃত অর্থ সরকারি পাওনা হিসেবে অবিলম্বে সরকারি কোষাগারে জমা প্রদান করা প্রয়োজন।

২। সরকারের রাজস্ব ও বিভিন্ন সেবা ফি বাবদ সরকারি খাতে অর্থ জমা দেওয়ার বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে সরকার ইতোমধ্যে Automated Challan System (এ-চালান) চালু করেছে। অর্থ বিভাগ কর্তৃক প্রবর্তিত 'এ-চালান' সিস্টেম ব্যবহার করে অনলাইনে অথবা যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় (Over the Counter) সরকারি রাজস্ব বাবদ প্রাপ্ত অর্থ তাৎক্ষণিকভাবে সরকারি কোষাগারে জমা করা যায়।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, অর্থ বিভাগ কর্তৃক প্রবর্তিত 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে অনলাইনে অথবা যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা বা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের আওতায় মোবাইল কোর্ট আইন-২০০৯ মোতাবেক পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে আদায়কৃত অর্থদন্ড/জরিমানা, বাজেয়াপ্ত অর্থ এবং বাজেয়াপ্তকৃত দ্রব্য বিক্রয়লব্ধ অর্থ সরাসরি সরকারি কোষাগারে জমাকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহ ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

অর্থনৈতিক কোড (নতুন)	ইংরেজি	বাংলা
1431101	Fines	জরিমানা
1431103	Forfeiture	বাজেয়াপ্তকরণ
1431104	Sale of confiscated items	বাজেয়াপ্ত দ্রব্য বিক্রয়

৪। উল্লেখ্য, বাজেয়াপ্তকৃত দ্রব্য নিলাম বিক্রয়ের ক্ষেত্রে নিলাম ফ্রেতার নিকট থেকে প্রযোজ্য হারে আদায়কৃত আয়কর (কোড-১১১১১০১) ও মূল্য সংযোজন কর (কোড-১১৪১১০১) 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে জমা করতে হবে।



(মোঃ তোহিদুল ইসলাম)

উপসচিব

☎ ২২২৩৩১৮৬

ই-মেইল: [touhiduli@finance.gov.bd](mailto:touhiduli@finance.gov.bd)

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব (সকল), .....
৫. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার (সকল).....
৮. জেলা প্রশাসক (সকল).....

#### অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থার জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা